বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ-২(এসএমই)

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২ (এক্সটেনশন-২৪৩)
E-mail : dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ ক্রেবি-২(এসএমই)-৭(৫)/২০১৮-১৯/ ৭৬০

তারিখ : ১২.০৫.২০১৯

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: ২০১৮-২০১৯ অর্থবছরে এসএমই এর আওতায় ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমই বিভাগের ০১.০৮.২০১৮ তারিখের পত্র নং-২৯ (১১৫০) এর মাধ্যমে ২০১৮-১৯ অর্থ বছরের এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা এবং ০৫/০৮/২০১৮ তারিখের পত্র নং-৩২(১১৫০) এর মাধ্যমে ২০১৮-১৯ অর্থ বছরের এসএমই ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তা অর্জন করার জন্য সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়ে পত্র জারী করা হয়। উল্লেখ্য যে, বর্তমান অর্থবছরের ১০ মাসেরও অধিক সময় অতিবাহিত হওয়া সত্বেও কোন বিভাগই এসএমই খাতে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। উল্লেখ্য যে, ০৬/০৫/২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রমোটরদের পর্যালোচনা সভায় এসএমই খাতে ঋণ বিতরণ সন্তোষজনক না হওয়ায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেন এবং আলোচ্য খাতে ঋণ বিতরণপ্রবাহ বৃদ্ধির সদয় নির্দেশনা প্রদান করেন। তাছাড়া ০৮/০৪/২০১৯ তারিখে বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত এসএমই ঋণ বিতরণ সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভায় আলোচ্য খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করার পরামর্শ দেয়া হয়। ০২.০৫.২০১৯ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ অবস্থা নিম্নরূপ :

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রার বিপরীতে | |
|---|---|---|---|---|
| | | বার্ষিক লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার (%) |
| ১ | ঢাকা | ৭৯৫.০০ | ২৬৪.৯৫ | ৩৩% |
| ২ | ময়মনসিংহ | ২৩৩.০০ | ১০৯.২৭ | ৪৭% |
| ৩ | চট্টগ্রাম | ২৫৫.০০ | ১৩৮.৩৬ | ৫৪% |
| ৪ | খুলনা | ৩৯৮.০০ | ১১৪.৭৭ | ২৯% |
| ৫ | বরিশাল | ৭০.০০ | ৩৭.০৮ | ৫৩% |
| ৬ | সিলেট | ১৪৬.০০ | ৭৯.৭২ | ৫৫% |
| ৭ | কুমিল্লা | ৩৩৯.০০ | ১৫৩.৫৯ | ৪৫% |
| ৮ | ফরিদপুর | ২৮৭.০০ | ১০৩.৬২ | ৩৬% |
| ৯ | কুষ্টিয়া | ২০২.০০ | ১১৭.৯৪ | ৫৮% |
| ১০ | এলপিও | ৭৭৫.০০ | ২৯৯.৬৩ | ৩৯% |
| মোটঃ | | ৩৫০০.০০ | ১৪১৮.৯৩ | ৪১% |

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় :

কোন বিভাগই এসএমই ঋণ বিতরণে বার্ষিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। ঢাকা, খুলনা, ফরিদপুর ও স্থানীয় মুখ্য কার্যালয় এর অর্জন ৪০% এর কম যা খুবই উদ্বেগজনক। এছাড়া, ময়মনসিংহ, চট্টগ্রাম, কুমিল্লা ,বরিশাল,সিলেট ও কুষ্টিয়া বিভাগের ঋণ বিতরণ অসন্তোষজনক।

০৪। লক্ষ্যমাত্রার বিপরীতে ঋণ বিতরণ সন্তোষজনক নয় বিধায় আরও অধিক সংখ্যক গুণগত মানসম্পন্ন নতুন ঋণ বিতরণের মাধ্যমে চলতি বছরের অবশিষ্ট সময়ের মধ্যে বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণে এসএমই বিভাগ হতে সময়ে সময়ে পত্র জারী করা হলেও ঋণ বিতরণ পরিস্থিতি কাঙ্খিত পর্যায়ে উন্নীত হয়নি। মাঠ কার্যালয় সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ সদ্ব্যবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়নকল্পে জুন/২০১৯ সময়কালের মধ্যে এসএমই খাতের ঋণ বিতরণ শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহন করার পরামর্শ দেয়া হলো :

(ক) এসএমই'র সংজ্ঞানুযায়ী এবং বিদ্যমান নীতিমালা অনুসরণ করে সম্ভাব্য সকল খাতে এসএমই ঋণ বিতরণ করতে হবে। প্রতিটি শাখাকে প্রতি মাসে ৫-১০টি করে এসএমই চলতি মূলধন/নগদ পূঁজি ঋণ/কৃষি ভিত্তিক শিল্প/ প্রকল্প ঋণ বিতরণ করতে হবে ও নারী উদ্যোক্তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে এসএমই ঋণ বিতরণ করতে হবে এবং বিতরণকৃত ঋণ সঠিকভাবে রিপোর্টিং করতে হবে;

খ) ঋণ ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়নের লক্ষ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ অঞ্চল/শাখাসমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক বিভাগীয় প্রধান/অঞ্চল প্রধানগণ সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এসএমই ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টি নিবিড়ভাবে মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন;

গ) বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয় কর্তৃক এসএমই'র আওতায় মঞ্জুরিকৃত চলতি মূলধন /নগদ পূঁজি ঋণের মেয়াদ পূর্তির ০২(দুই) মাস পূর্বে ঋণ প্রস্তাবসমূহ অবশ্যই ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে এবং এসএমই এর আওতায় নবায়নযোগ্য সকল চলতি মূলধন/নগদ পুঁজি ঋণ প্রস্তাব দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

ঘ) অঞ্চল পর্যায় হতে সংগৃহীত তথ্য মোতাবেক বেশ কিছু শাখা এসএমই খাতে কোন ঋণ বিতরণ করতে পারেনি, যা মাঠ কার্যালয়সমূহের উদ্যোগের অভাব বলে প্রতিয়মান হয়। আলোচ্য খাতে বছর শেষে কোন শাখারই ঋণ বিতরণের অর্জন যাতে শুন্য না হয় সে বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহনের জন্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করতে হবে;

ঙ) শাখাসমূহ সাপ্তাহিক/মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদনে এসএমই ঋণ বিতরণের তথ্যাদি যথাযথভাবে রিপোর্টিং না করার কারণে এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না, যথাযথভাবে রির্পোটিং করার বিষয়ে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক শাখাসমূহকে অবশ্যই নির্দেশনা প্রদান করতে হবে।

০৫। এমতাবস্থায়, সরকারি অগ্রাধিকার খাত বিবেচনায় এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়ন কল্পে আগামী জুন/২০১৯ তারিখের মধ্যে বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য আপনাদেরকে পুনরায় অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

( মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-২(এসএমই)-৭(৫)/২০১৮-১৯/ তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ১/২ এর সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ/ আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি,প্রকা,ঢাকা (তাঁকে পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৪। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক এর মাধ্যমে)।
০৭। নথি/ মহানথি।

১২.০৫.১৯

( জাফরুল হাসান)
উপ- মহাব্যবস্থাপক